মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৩৭২১/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৮৮৮১ তারিখ: ১৬-০৩-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০২-০৩-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৩২১৩)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার পাইকগাছা উপজেলাধীন রাড়ুলী ভুবন মোহিনী বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের নবগঠিত ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন এবং ভোটার তালিকা তৈরীর বিরুদ্ধে জনাব মোঃ হায়দার আলী গাজী গং একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

১৬-০৩-২০২২
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
02477762705

উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।

সংযুক্তি: অভিযোগের ছায়ালিপি

নথি নং-বিঅ-৬/৩৭২১/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৮৮৮১ (৬) তারিখ: ১৬-০৩-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, খুলনা।
২। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাইকগাছা, খুলনা।
৪। প্রধান শিক্ষক, রাড়ুলী ভুবন মোহিনী বালিকা মাধ্যমিক বিদ্যালয়, রাড়ুলী, পাইকগাছা, খুলনা।
৫। অভিযোগকারী, জনাব মো: হায়দার আলী গাজী (০১৭২০-৫৩৫০০২), পাইকগাছা, খুলনা।
৬। অফিস নথি।

১৬-০৩-২০২২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
02477762705

বরাবর,

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,যশোর।

**বিষয় ঃ খুলনা জেলার পাইকগাছা উপজেলাধীন রাড়ুলী ভুবন মোহীনী বালিকা বিদ্যালয়ের ২০০৯ এর প্রবিধান লঙ্ঘন পূর্বক সভাপতি গঠন প্রসঙ্গে।**

জনাব,

যতাযথ সম্মান প্রদর্শন পূর্বক আমাদের একান্ত আবেদন এই যে, আমরা নিম্ন স্বাক্ষর কারীদ্বয় রাড়ুলী ভুবন মোহিনী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সদস্য বৃন্দ হইতেছি। অত্র প্রতিষ্ঠানে ম্যানেজিং কমিটির তফশিল অনুযায়ী ০৬/০২/২০২২ ইং তারিখ নির্বাচনের দিন ধায্য ছিল। কিন্তু গত ইং ২৪/০১/২০২২ তারিখে ৩৭.০২.০০০০.১০৫.৪৬.০০১.২১.৫৭ নং স্মারক মোতাবেক প্রতিষ্ঠান বন্ধ ঘোষনা হয়। এবং গত ইং ২২/০২/২০২২ তারিখ ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.২৭ স্মারক মোতাবেক পুনরায় প্রতিষ্ঠান খোলার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে মোতাবেক প্রতিষ্ঠান খোলা হয়। খোলার পর প্রধান শিক্ষক ও প্রিজাইডিং অফিসার ষড়যন্ত্রমূলক ভাবে তার পছন্দের কয়েকজন সদস্য নিয়ে গত ইং ০১/০৩/২০২২ তারিখ ছুটির দিনে সভাপতি গঠন করে যেটা সম্পূর্ণ নিয়ম বহিঃভূত। তাছাড়া মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের নির্দেশ আছে ২০০৯ সালের প্রবিধান মালা অনুসরণ পূর্বক নির্বাচন করতে হবে। প্রবিধান মালায় উল্লেখ আছে যে, চলমান কমিটির মেয়াদ শেষ হওয়ার কম পক্ষে ৩০ দিন পূর্বে সকল নির্বাচন সম্পর্ণ করতে হবে। কিন্তু চলমান কমিটির মেয়াদ আগামী ১৩/০৩/২০২২ তারিখে শেষ হইবে। কিন্তু ২০০৯ প্রবিধান মালা ও বোর্ড চেয়াম্যান মহোদয়ের নির্দেশ উপেক্ষা করে ০১/০৩/২০২২ ইং তারিখে ষড়যন্ত্র মূলক ভাবে সভাপতি নির্বাচন করেছে। তাছাড়া **সংরক্ষিত মহিলা** সদস্য **ঝর্ণা রানী তিনি বিধবা মহিলা** না অথচ তাকে বিধবা মহিলা দেখিয়ে বিধবা ভোটার তালিকায় নাম লিপিবদ্ধ করা হয়েছে। আমাদের জনাবের নিকট এই অবৈধ্য ম্যানেজিং কমিটি স্থগিতসহ এডহক কমিটি গঠন করার জন্য আপনার সুদৃষ্টি ও সহনুভূতি কামনা করছি।

বিনীত নিবেদক

তারিখ ঃ

মোঃ হায়দার আলী গাজী

১। মোঃ হায়দার আলী গাজী

মোঃ আব্দুল মজিদ গোলদার

২। মোঃ আব্দুল মজিদ গোলদার

বিশ্বজিত কুমার ঘোষ

৩। বিশ্বজিত কুমার ঘোষ

**অনুলিপি ঃ**

১। জেলা প্রশাসক, খুলনা।

২। উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা।

৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,যশোর।

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,পাইকগাছা